



### বেসরকারী স্কুল-কলেজের গভর্নিং বডির সভাপতি সরকার মনোনীত করবে

স্টাফ রিপোর্টার :- দেশের সকল বেসরকারী উচ্চ মাধ্যমিক কলেজ ও স্কুলসহ ষোল্ল শ্রেণী পর্যন্ত কলেজসমূহের পরিচালনা পরিষদের (গভর্নিং বডি) সভাপতি সরকার কর্তৃক মনোনীত হবে। সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার সংসদ সদস্য, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী কর্মকর্তা, অবসরপ্রাপ্ত পদস্থ সরকারী কর্মকর্তা, স্থানীয় বিশিষ্ট বিদ্যানুবাণী ব্যক্তি এবং স্থানীয় সমাজসেবকদের মধ্য থেকে এ মনোনয়ন দেয়া হবে। বর্ধিত প্রতিষ্ঠানের প্রত্যেক কমিটি গঠনের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে বলে গতকাল শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানানো হয়েছে।